



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২০.১৮৭

তারিখ: ১ আষাঢ়. ১৪২৭

১৫ জুন ২০২০

বিষয়: রাজশাহী জেলার তানোর উপজেলাধীন কিসমত বিল্লা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজের প্রভাষক পদে জনাব শামসুন নাহার এর এমপিওভুক্তির বিষয়ে মতামত

সূত্র: স্মারক নং জেসিঅ/রাজ/২৫৭২ তারিখ : ১৯/১২/১৯

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার তানোর উপজেলাধীন কিসমত বিল্লা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ এর উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে এমপিওভুক্তির বিষয়ে মতামত চেয়ে সূত্রোক্ত স্মারক মোতাবেক পত্র প্রেরণ করেন। প্রেরিত কাগজপত্র অনুসারে দেখা যায়, জনাব শামসুন নাহার, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের প্রভাষক পদে বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃকপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক নিয়োগ পেয়ে গত ১২/১২/২০১৬ তারিখে যোগদান করেন। প্রতিষ্ঠান থেকে এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করা হলে প্রতিষ্ঠানটিতে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন(পূর্বের নাম অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন) এর বিষয় স্বীকৃতি ২০০১ সালে কিন্তু শিক্ষক নিয়োগ ২০১৬ সালে হওয়ায় অনলাইনের এমপিওভুক্তির আবেদনটি রিজেক্ট করা হয় এবং মাউশির অনুমতির জন্য বলা হয়। বিষয়টি মাউশির মার্চ/২০২০ মাসের এমপিও কমিটির সভায় উপস্থাপন করা হয়। এমপিও কমিটির সভার সিদ্ধান্ত : বকেয়া ব্যতীত অনলাইনে এমপিওভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, এমপিও কমিটির সিদ্ধান্তটি অনুযায়ী জনাব শামসুন নাহার, প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) কে বকেয়া ব্যতীত এমপিওভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২০.১৮৭/১

তারিখ: ১ আষাঢ়. ১৪২৭

১৫ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;
- ২) অধ্যক্ষ, কিসমত বিল্লা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ, তানোর, রাজশাহী;
- ৩) সংরক্ষণ নথি।

১৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক